

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৫, ২০২৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৫৯-আইন/২০২৬।—বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন, ২০১৯ (২০১৯ সনের ১৩ নং আইন) এর ধারা ৪৯, ধারা ১৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, উক্ত আইনের তপশিলের নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আইনের তপশিলের ক্রমিক নম্বর—

(ক) ১ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক নম্বর ১ক সন্নিবেশিত হইবে, যথা:—

“১ক। কাউন্সিল কর্তৃক স্বীকৃত কোনো ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তরে কর্মরত Doctor of Veterinary Medicine (D. V. M) বা Bachelor of Science (Animal Husbandry) (B. Sc. A.H) ডিগ্রিধারীদের প্রদত্ত ইন-সার্ভিস (মেকআপ) কোর্স;” এবং

(১৩৫৬৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) ৩ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে Diploma in Animal Health and Production (DAH & P), Diploma in Livestock বা প্রশিক্ষণ সনদ।”

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

কাউন্সিলের আদেশক্রমে

ডাঃ গোপাল চন্দ্র বিশ্বাস

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ঢাকা।